

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১২০.০৪.০৭০.১৬-২৭৭/৩(৭৫)

তারিখঃ ০২/০১/২০১৭ খ্রিঃ

বিষয় : 'মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০' ও 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১' মোতাবেক মোবাইল কোর্ট/অভিযান পরিচালনাপূর্বক সংশোধিত ছকে প্রতিবেদন প্রেরণ প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২০১০ সালে 'মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০' এবং ২০১১ সালে 'মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১' জারী হয়। উক্ত সময়ের পর হতে উল্লিখিত আইন ও বিধিমালার বিষয়ে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান, জনসচেতনতা সভা, সেমিনার, আলোচনা ইত্যাদি কার্যক্রম বাস্তবায়িত হয়ে আসছে। এছাড়াও 'মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০' ২৪ ডিসেম্বর, ২০১৪ খ্রি. এর এস.আর.ও নং ২৮৭-আইন/২০১৪ এর মাধ্যমে মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলে সংযোজিত হয়েছে (কপি সংযুক্ত)। সে প্রেক্ষিতে গুণগতমানের মৎস্যখাদ্য উৎপাদন ও বিপণন নিশ্চিত করার লক্ষ্যে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা অব্যাহত রাখা প্রয়োজন।

এমতাবস্থায়, 'মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০' বাস্তবায়নে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনাপূর্বক সংযুক্ত ছকে নিয়মিতভাবে অত্র দপ্তরের সম্প্রসারণ শাখায় প্রতিবেদন জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতোপূর্বে অত্র দপ্তরের ২৭/০৬/২০১৬ খ্রি. তারিখের ২৮৫ সংখ্যক পত্রে সংযুক্ত ছক-৩ (মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন) সংশোধিত আকারে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ

১. সংশোধিত ছক
২. ২৪ ডিসেম্বর, ২০১৪ খ্রি. এর এস.আর.ও নং ২৮৭-আইন/২০১৪ এর মাধ্যমে মোবাইল কোর্ট আইন, ২০০৯ এ অন্তর্ভুক্তির গেজেট।

✓ 
(মো: গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন-০২৯৫৬১৫৯২

ই-মেইল: goljar_159@yahoo.com

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/
খুলনা বিভাগ, খুলনা / বরিশাল বিভাগ, বরিশাল/
সিলেট বিভাগ, সিলেট / রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২. জেলা মৎস্য কর্মকর্তা (সকল).....।

সদয় অবগতির জন্য-

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
৩. দপ্তর নথি।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গোজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

আইন অধিশাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ১ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/ ১৫ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৭-আইন/২০১৪ — মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, উক্ত আইনের তফসিলের নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উক্ত আইনের তফসিলের—

(ক) ক্রমিক নম্বর (২৮) এ উল্লিখিত এন্ট্রি Animals Slaughter (Restriction) and Meat Control Act, 1957 (East Pakistan Act No. VIII of 1957) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১ (২০১১ সনের ১৬ নং আইন);” এবং

(খ) ক্রমিক নং (১০১) এর বিপরীতে উল্লিখিত এন্ট্রির প্রাপ্তস্থিত দাঁড়ি (১) এর পরিবর্তে সেমিকোলন (:) প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন ক্রমিক নং ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথাঃ—

“(১০২) মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ (২০১০ সনের ২ নং আইন); এবং
(১০৩) মৎস্য হ্যাচারী আইন, ২০১০ (২০১০ সনের ১৪ নং আইন);”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২০৫৪৭)

মূল্য : টাকা ৪.০০